

💵 হজ সফরে সহজ গাইড

বিভাগ/অধ্যায়ঃ প্রারম্ভিকা ও প্রস্তুতি রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ মোশফিকুর রহমান

অনুপ্রেরণা ও পটভূমি

- যাবতীয় প্রশংসা একমাত্র আল্লাহ তা'আলার। অসংখ্য সালাত ও সালাম তাঁর নবী মুহাম্মাদ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লামের ওপর নাযিল হোক। আমি সাক্ষ্য দিচ্ছি, আল্লাহ ছাড়া সত্যিকার কোনো মা'বুদ নেই এবং আমি সাক্ষ্য দিচ্ছি, মুহাম্মাদ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম তাঁর প্রেরিত বান্দা ও রাসূল। আল্লাহ তা'আলার একমাত্র মনোনীত দীন 'ইসলাম' এবং তাঁর দীনের অনুসারীদের আদর্শ পরিচয় 'মুসলিম'।
- একটি হজ প্রশিক্ষণ উপস্থাপনা (প্রেজেন্টেশন) তৈরি করা ছিল আমার মূল লক্ষ্য। ইচ্ছা ছিল বিভিন্ন হজ প্রশিক্ষণে তা উপস্থাপন করবো। আলহামদু লিল্লাহ! বেশ কিছু হজ প্রশিক্ষণে এ উপস্থাপনাটি প্রদর্শন করতে সক্ষম হয়েছি। কিন্তু পরবর্তীতে এটিকে বইয়ে রূপ দেওয়াটা আমার মতো একজন নবীণ লেখকের জন্য ছিল একটি বড় চ্যালেঞ্জ। আলহামদুলিল্লাহ! আল্লাহর ইচ্ছা ও সাহায্যে হজযাত্রীদের শিক্ষা ও সেবার উদ্দেশ্যে দীর্ঘ ১১ মাস পরিশ্রমের পর ২০১৩ ইং সালে এ হজ নির্দেশিকার প্রথম সংস্করণ বের করতে সক্ষম হয়েছিলাম। এরপর কিছু পরিবর্ধন ও পরিমার্জন করে দ্বিতীয় ও পরবর্তীতে তৃতীয় সংস্করণ বের করতে সচেষ্ট হই, যার ফল এ বইটি।
- আমি হজ করার সময় একটি পরিপূর্ণ, সমসাময়িক ও সহীহ হজ গাইডের প্রয়োজনীয়তা অনুভব
 করেছিলাম, সেই অনুভব থেকেই এ বই লেখা। আমি যখন বুঝতে পারলাম, হজয়াত্রীরা সাধারণত দুই
 একটা বই পড়ে অথবা মানুষের মুখের কথা শুনে হজ সম্পর্কে জানার চেষ্টা করেন; কিন্তু এর মধ্যে
 কোনটি সঠিক আর কোনটি ভুল সেটা যাচাই করেন না! কেউ কেউ আবার শুদ্ধতা যাচাই করার কথা
 মাথাতেই আনেন না! এ উপলব্ধি থেকেই আমি স্ব-প্রণাদিত হয়ে এ হজ গাইড লেখার কাজ শুরু করি।
- আমার লক্ষ্য ছিল ইসলামী শরী'আহ্ নীতিমালা যথাযথভাবে অনুসরণ করে একটি নির্ভরযোগ্য ও সহীহ গাইড তৈরি করা। সে লক্ষ্যকে সামনে রেখেই এ নির্দেশিকায় আমি সঠিক ও বিশুদ্ধ তথ্যসূত্র/রেফারেঙ্গ ব্যবহার করতে চেষ্টা করেছি এবং সুপরিচিত ও সুবিজ্ঞ আলেমগণের দ্বারা পর্যবেক্ষণ ও পরিমার্জন করিয়েছি। একটি কাঠামোগত উপায়ে ও ধারাবাহিকভাবে এ গাইড তৈরি করার চেষ্টা করেছি এবং এর বিষয়বস্তুকে সহজ ও সংক্ষিপ্তভাবে উপস্থাপন করেছি। বুলেট পয়েন্ট ও পর্যাপ্ত ছবি ব্যবহার করতে চেষ্টা করেছি। গতানুগতিক বইয়ের ভাষা পরিহার করে গল্পের মতো ভাষা ব্যবহার করতে সচেষ্ট হয়েছি যেন সকল শ্রেণীর পাঠকের জন্য তা সহজবোধ্য হয়। বাংলাদেশের হজ প্রেক্ষাপট বিবেচনা করে আমি এ গাইড বা নির্দেশিকা তৈরি করেছি। তবে হজের কিছু ব্যবস্থাপনা ও প্রক্রিয়া বছরান্তে পরিবর্তন হতে পারে। সেক্ষেত্রে আমি নতুন তথ্য সম্বলিত নতুন সংস্করণ দেওয়ার চেষ্টা করব ইনশাআল্লাহ।
- বইটিতে হজের নিয়ম-কানুনসহ হজের পূর্বপ্রস্তুতি, হজ যাত্রার বিবরণ, হারামাইনের পারিপার্শ্বিক বিবরণ,



মক্কা ও মদীনার দর্শনীয় স্থান এবং হজ ও উমরাহতে সম্পাদিত ভুল ক্রটি ও বিদ'আত বিষয়গুলো যতটুকু সম্ভব আলোচনা করতে চেষ্টা করেছি। গাইডে আলোচ্য কোনো বিষয় আপনার জন্য ব্যতিক্রম হতে পারে, এটি সম্পূর্ণ পরিস্থিতি-প্রেক্ষাপটের ওপর নির্ভর করে।

• মানুষ ভুল-ক্রটির উধ্বের্ব নয়। এ বইয়ের যে কোনো প্রমাদ কুরআন ও সহীহ হাদীসের আলোকে উপস্থাপন করলে সে মতামত আমি গুরুত্বের সাথে গ্রহণ করবো ইনশাআল্লাহ। যারা আমাকে এ গাইড লেখার জন্য অনুপ্রেরণা যুগিয়েছেন, সার্বিক সহযোগিতা করেছেন, পরিমার্জনে অবদান রেখেছেন সর্বোপরি যারা অর্থানুদান দিয়ে প্রকাশনায় সহযোগিতা করেছেন তাদের প্রতি আমার কৃতজ্ঞতা জ্ঞাপন করছি, বিশেষতঃ আমার পরিবারের প্রতি। হে দয়়ায়য় আল্লাহ! আপনি তাঁদের সকলকে উত্তম প্রতিদান দান করুন!

হে আল্লাহ! আপনি এ ক্ষুদ্র প্রচেষ্টাকে কবুল করুন এবং এটি প্রচার প্রসারের জন্য আমাকে সাহায্য করুন। অনাকাংক্ষিত মুদ্রণ প্রমাদের জন্য আমাকে ক্ষমা করুন এবং সুনাম অর্জন, গর্ব ও রিয়া (লোক দেখানো) থেকে হিফাযত করুন। নিশ্চয় আপনি আমার মনের উদ্দেশ্য জানেন, আপনি সর্বজ্ঞ, পরম করুণাময় ও ক্ষমাশীল। আমীন! ইয়া রব্বাল আলামীন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6480

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন